




নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-২৯৬

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭
০২ ডিসেম্বর ২০২০

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার ৩নং পাররামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদের পুনর্নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন ০৫ ডিসেম্বর ২০২০ তারিখ শনিবার সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী ইউনিয়ন এবং পার্শ্ববর্তী ইউনিয়ন/উপজেলা/জেলা এলাকাধীন অন্যান্য দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)

উপসচিব

ফোন: ০২-৯৫১৪৪৯২


ই-মেইল: reg4@mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-২৯৬(১/১৫)

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৭
০২ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব/সচিব,----- বিভাগ/মন্ত্রণালয়, (নির্বাচন কমিশন সচিবালয়সহ সকল) (তীর অধীন অফিস ও সংস্থাসমূহের সকলকে অবহিত করার অনুরোধসহ)
- ৫) পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
- ৮) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১১) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২) উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- ১৩) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।


(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব

ই-মেইল: reg4@mopa.gov.bd